ISO 9001:2015 Certified

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

## জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

# পুনঃদরপত্র দলিল

**ফায়ার সেফটি প্লান প্রণয়ন ও অনুমোদনের লক্ষ্যে ফায়ার কনসালটেন্ট নিয়োগের পুনঃদরপত্র দলিল**

| | |
|---|---|
| দরপত্র বিজ্ঞপ্তি নংঃ | স্মারক নং ২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৪.২৩৩৫(০২/২৩-২৪)তারিখঃ ১১-০৬-২০২৪খ্রিঃ |
| দরপত্র প্যাকেজ নংঃ | G.23-24.026.172 |
| দরপত্র লট নংঃ | G.23-24.026. 172-01 |
| দরদাতা প্রতিষ্ঠানের নামঃ | |
| দরদাতা প্রতিষ্ঠানের ঠিকানাঃ | |

-----------------------------------

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

THAKURGAON PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 Certified

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০১.০৩৮.২৪.২৩৩৫, তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
১১ জুন, ২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ ফায়ার সেফটি প্লান প্রণয়ন ও অনুমোদনের লক্ষ্যে ফায়ার কনসালটেন্ট নিয়োগের পুনঃদরপত্র Limited Tendering Method (LTM) বিজ্ঞপ্তি।**

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ফায়ার সেফটি প্লান প্রনয়ণ ও অনুমোদনের লক্ষ্যে Booklet, Fire Safety Drawings, Site Inspection & To make Necessery Civil CAD Drawing (Master Plan & Civil Drawing) ইত্যাদি কাজের জন্য সরকার অনুমোদিত ফায়ার সেফটি প্ল্যান প্রণয়নের জন্য তালিকাভুক্ত ইঞ্জিনিয়ারিং ফার্ম এর নিকট হতে পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে। বিবরণ নিম্নরূপঃ

| Si. No. | Description | Unit | Unit Price | Total Price |
|---|---|---|---|---|
| 01 | **FIRE SAFETY PLAN:** Preparation of as built Architectural Drawings allied to Fire Safety plan. | | | |
| 02 | Preparation and approval of fire safety plan (Manual/Booklet). | (Office building, Substation area, Open yard store Workshop, Workshop cum warehouse, C, D, E, F-1 & F-2 type Residential building | | |
| 03 | Preparation and Obtain NOC of Fire Safety Layout Drawings showing. | | | |
| 04 | Site Inspections | | | |
| 05 | Approval of Fire Safety Plan from BFS&CD. | | | |
| | | **Total Amount Including AIT & VAT** | | |

**শর্তাবলীঃ**

০১। **দরপত্র দলিল প্রাপ্তির স্থানঃ** বাপবিবোর্ডের ওয়েব সাইট- www.reb.gov.bd এবং ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট http://pbs.thakurgaon.gov.bd -এ বিনামূল্যে ডাউনলোড দেওয়া যাবে। ডাউনলোডকৃত দরপত্র দলিল যথাযথ পুরণ করে দরপত্র দলিল প্রস্তুত করতে হবে।

০২। আগামী ১০/০৭/২০২৪খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১:৩০ ঘটিকার মধ্যে দরপত্র পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত-১২২৯, ঢাকা অথবা ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এর ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র স্ব স্ব স্থানে একই তারিখ অর্থাৎ আগামী ১০/০৭/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। **দরপত্রের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা কর্তৃক ফায়ার সেফটি প্ল্যান প্রনয়ণের জন্য ইঞ্জিনিয়ারিং ফার্মের তালিকাভুক্তির সনদপত্রসহ প্রয়োজনীয় দলিলাদি প্রমাণাদির সত্যায়িত সনদপত্র ফটোকপি সংযুক্ত করতে হবে।**

০৪। দরপত্রের খামের উপর স্পষ্ট করে **"ফায়ার সেফটি প্ল্যান প্রণয়ন পূর্বক অনুমোদন করানো ও সরবরাহের পুনঃদরপত্র"** কথাটি লিখতে হবে।

সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও
E-mail : thkpbs@gmail.com
Website: pbs.thakurgaon.gov.bd
Facebook page: facebook.com/thkpbs

০৫। কৃতকার্য দরদাতা কর্তৃক যথাসময়ে কার্য সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যে ১% এর ১/১০ অংশ অর্থ বিল হতে কর্তন করা হবে। তবে তা কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

০৬। দরপত্র দাখিলের পূর্বে কাজের স্থান এবং পরিধি পবিসের সদর দপ্তরে আগামী ০৯/০৭/২০২৪খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করা যাবে।

০৭। দরপত্রের সহিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

০৮। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে ১০% অর্থ নিরাপত্তা জামানত কর্তন করা হবে। যাহা সন্তোষজনক কাজ সম্পাদনের ০৬ (ছয়) মাস পর ফেরত প্রদান করা হবে।

০৯। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে বাকী টাকা চেকে পরিশোধ করা হবে।

১০। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

১১। সফল দরদাতাকে প্রদত্ত কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে ফায়ার সেফটি প্ল্যান প্রণয়ন এবং প্রস্তুতকৃত সেফটি প্লান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদন পূর্বক নিজ খরচে ঠাকুরগাঁও পবিসে জমা প্রদান করতে হবে।

১২। যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১২/৭/২৪

(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..................................১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী বাপবিবো, নীলফামারী।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপদ, ঠাকুরগাঁও।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঠাকুরগাঁও।
১১।ডিজিএম, (সদর-কারিগরী/পঞ্চগড়/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/দেবীগঞ্জ/বুহিয়া),ঠাপবিস।
১২।এজিএম (বোদা/আটোয়ারী/হরিপুর), ঠাপবিস।
১৩।এজিএম (প্রশাসন/ইএন্ডসি/মানব সম্পদ/ ওএন্ডএম/অর্থ/ এমএস/আইটি ), ঠাপবিস।
১৪। এজিএম আইটি। (বিজ্ঞপ্তিটি পবিসের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন)
১৫। মেসার্স ..........................................................................
১৬। নোটিশ বোর্ড, ঠাকুরগাঁও পবিস।
১৭। অফিস/মাস্টার কপি।

(মোঃ মাহফুজুর রহমান)
জেনারেল ম্যানেজার

D:\কৃষ্ণা\Quotation and biggopti for fire safety plan.docx

# দরপত্র দলিল

## দরদাতার প্রতি নির্দেশাবলী

| | | |
|---|---|---|
| ০১ | দরপত্র দলিল | ক্রয়তব্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অংশ হিসাবে নিম্নোক্ত অংশগুলি অন্তর্ভূক্ত হইবে:<br>(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী<br>(খ) ক্রয়তব্য সেবার স্পেসিফিকেশান<br>(গ) দরপত্র ফরম<br>(ঘ) মূল্য তালিকা<br>(ঙ) সেবা সরবরাহ সময় সীমা তালিকা |
| ০২ | দরপত্র দলিল স্পষ্টায়ন | দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে, তা স্পষ্টায়নের জন্য ক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যাইতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে ক্রেতার নিকট পৌঁছাইতে হইবে। ক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করিবেন। |
| ০৩ | দরপত্র দলিলের সংশোধন | দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যেকোন সময় ক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করিতে পারেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরন করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে |

## দরপত্র তৈরী

| | | |
|---|---|---|
| ০৪ | যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে | দরদাতা কর্তৃক দাখিলকৃত দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিল দ্বারা তৈরী হইবে -<br>(ক) পূরনকৃত দরপত্র ফরম (পরিশিষ্ট-ক) ও মূল্য তালিকা (পরিশষ্ট-খ)<br>(খ) পূরণকৃত সরবরাহ সময়সীমা তালিকা (পরিশিষ্ট-গ)<br>(গ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত সেবা সরবরাহ/প্রস্তুতের অভিজ্ঞতা সনদপত্র<br>(ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট/টার্ন ওভার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, আয়করন সনদ, ব্যাংক সলভেন্সী |
| ০৫ | দরদাতার যোগ্যতা | সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। অন্যথায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্ষেত্রমত উপদেষ্টা প্রতিষ্টানের অফিস পরিদর্শন করিয়া প্রতিষ্ঠানের যোগ্যতা যাচাই করা হইবে। দরপত্রের সহিত ভ্যাট রেজিষ্ট্রেশন ও হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে। |
| ০৬ | দরপত্র জামানত | প্রযোজ্য নয় |
| ০৭ | দরপত্রের মেয়াদ | দরপত্র দাখিলের তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিতে হইবে। দরপত্রের মেয়াদ ১২০ (একশত বিশ) দিনের কম সময়ের জন্য দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করিয়া বাতিল করা হইবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে ক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাইতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সম্মতি অবশ্যই লিখিত ভাবে হইতে হইবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখান করিতে পারেন। |

| | | |
|---|---|---|
| ০৮ | দরপত্র স্বাক্ষর | দরদাতা দরপত্রের মূল কপি দাখিল করিবেন। দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘঁষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে। |

## দরপত্র দাখিল

| | | |
|---|---|---|
| ০৯ | দরপত্র বন্ধ করা ও চিহ্নিত করণ | দরদাতা দরপত্র একটি খামে বন্ধ করিবেন এবং খামের উপরে গ্রুপের নাম সহ দরপত্র লিখিয়া চিহ্নিত করিবেন। খামে ক্রেতার ঠিকানা লিখিতে হইবে এবং খামের উপরে দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমার পূর্বে (১০/০৭/২০২৪খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১:৩৫ ঘটিকা) "খোলা যাইবে না" মর্মে লিখিতে হইবে। |
| ১০ | দরপত্র দাখিলের সময়সীমা ও স্থান | দরপত্র অবশ্যই ১০/০৭/২০২৪খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, জগন্নাথপুর,ঠাকুরগাঁও-এ রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। ক্রেতা প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করিতে পারেন। |
| ১১ | বিলম্বে দাখিলকৃত দরপত্র | ক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরত প্রদান করা হইবে। |

## ক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

| | | |
|---|---|---|
| ১২ | ক্রেতা কর্তৃক দরপত্র খোলা | দরপত্র সমূহ ১০/০৭/২০২৪খ্রি. তারিখ রোজ বুধবার বেলা ১১:৩৫ ঘটিকার সময় দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, জগন্নাথপুর,ঠাকুরগাঁও -এ একই সময়ে খোলা হইবে। দরদাতা প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। দরপত্র খোলার সময় ক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, ডিসকাউন্ট (যদি থাকে) দরপত্র জামানতের পরিমাণ এবং ক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী বিলম্বে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাইবে না। |
| ১৩ | দরপত্র স্পষ্টায়ন | দরপত্র মূল্যায়ন কালে ক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তাহার দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরনের ব্যাখ্যা এবং তার বিপরীতে সম্মতি অবশ্যই লিখিত ভাবে হইতে হইবে। এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা ক্রেতা চাহিতে পারিবেন না অথবা দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না। |
| ১৪ | প্রাথমিক যাচাই বাছাই | ১৪.১ ক্রেতা গৃহীত দরপত্র সমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্র সমূহ পূর্নাঙ্গ কি না, প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কিনা, দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কিনা, গাণিতিক কোন ভুল আছে কিনা ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্তভাবে তাহা সংশোধন করা হইবে : উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত |

| | | |
|---|---|---|
| | | মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেইক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।<br>১৪.২ দরপত্রে যে কোন ধরনের ছোট খাট ত্রুটি, অনিয়ম সেবাক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরনের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরনের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরনের বিচ্যুতি বলিতে, উদাহরণ স্বরূপ, প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে। |
| ১৫ | দরপত্র মূল্যায়ন ও তুলনা করণ | গৃহীত দরপত্র সমূহ ১৪ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ ক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন। |

## কার্যাদেশ প্রদান

| | | |
|---|---|---|
| ১৬ | কার্যাদেশ প্রদানের নির্ণায়ক | ১৮ অনুচ্ছেদ সাপেক্ষে, ক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মুল্যায়িত সর্বনিম্ন দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাহাকে কার্যাদেশ প্রদান করিবেন। |
| ১৭ | কার্যাদেশ প্রদানের সময় ক্রয়তব্য সেবার পরিমাণ হ্রাস/বৃদ্ধি ব্যাপারে ক্রেতার অধিকার | কার্যাদেশ প্রদানের সময় সেবার পরিমাণ দরপত্র দলিলের মূল "মূল্য ও কাজের তালিকায়" উল্লেখিত পরিমাণ হইতে হ্রাস/বৃদ্ধি করার অধিকার ক্রেতা সংরক্ষণ করেন। তবে এই হ্রাস/বৃদ্ধির পরিমান ২০ (বিশ) শতাংশের অধিক হইবে না। দরপত্র দলিলের মূল "মূল্য ও কাজের তালিকায়" উল্লেখিত কাজের ধরণ একাধিক হইলে এবং সকল ধরনের কাজ ক্রেতা সমহারে হ্রাস/বৃদ্ধির প্রয়োজন মনে না করিলে সেইক্ষেত্রে ভিন্ন ভিন্ন হারে হ্রাস/বৃদ্ধি করিতে পারিবেন তবে মোট হ্রাস/বৃদ্ধির পরিমান কোন অবস্থায় সফল দরদাতার উদ্ধৃত মূল্যের ২০ (বিশ) শতাংশ অতিক্রম করিতে পারিবে না। |
| ১৮ | ক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান করার অধিকার | কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত ক্রেতা যে কোন দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট ক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না। |
| ১৯ | কার্যাদেশ প্রদান | দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই ক্রেতা সফল দরদাতাকে লিখিতভাবে কার্যাদেশ প্রদান করিবেন। কার্যাদেশ পত্র ক্রেতার সহিত সফল দরদাতার চুক্তি গঠন করিবে। |
| ২০ | নিশ্চয়তা কাল | সরবরাহতব্য সেবা সম্পূর্ণ নূতন এবং ত্রুটিমুক্ত হইবে। কাজ সম্পন্ন করার ০৬ মাসের মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হইলে কিংবা স্পেসিফিকেশান বর্হিভূত কার্যসম্পাদন করা হইয়াছে বলিয়া প্রমানিত হইলে সরবরাহকারীকে ক্রেতার নির্দেশ অনুযায়ী অনধিক ২১ দিনের মধ্যে ত্রুটিমুক্ত/প্রতিস্থাপন করিতে হইবে। |
| ২১ | মালামাল সরবরাহের পর প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা ও মূল্য পরিশোধ | সন্তোষজনকভাবে সেবা সরবরাহের পর নিম্ন বর্ণিত দলিলাদি দাখিল করা সাপেক্ষে সরবরাহকৃত মালামালের (সরবরাহ সময়সীমা তালিকায় বর্ণিত কিস্তি অনুযায়ী) ১০০% মূল্য ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পরিশোধ করা হইবে:<br>(ক) সরবরাহকৃত সেবার বিবরণ, পরিমাণ, একক মূল্য এবং মোট পরিশোধযোগ্য মূল্য সম্বলিত (দুই) কপি ইনভয়েস।<br>(খ) পবিস পরিদর্শক (গণ) কর্তৃক সরবরাহকৃত মালামালের উপর প্রদত্ত সন্তোষজনক পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>(গ) চালান এর প্রত্যায়িত কপি এবং |

| | | |
|---|---|---|
| | | (ঘ) প্রাপ্তি রশিদ এর কপি<br>কোন সেবার মূল্য অগ্রীম পরিশোধ করা হইবে না। সেবার মূল্য পরিশোধের সময় দাখিলকৃত বিল হইতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হইবে। |
| ২২ | শুল্ক ও কর পরিশোধ | সরবরাহ সময়সীমা তালিকায় বর্ণিত স্থানে মালামাল সরবরাহ পর্যন্ত পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর সরবরাহকারী পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। |
| ২৩ | বিলম্বে কাজ সম্পাদনের জরিমানা | যথাসময়ে সেবা সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তণ করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তণযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ ) এর অধিক হইবে না |

# দরপত্র ফরম

পরিশিষ্ট-ক

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্ন স্বাক্ষরকারী (গন) দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ) ফায়ার সেফটি প্লান প্রস্তুত ও অনুমোদন সংক্রান্ত কাজের জন্য মোট ------------------------------টাকা (কথায়)................................................................................................সরবরাহ করার প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে ০৭ অনুচ্ছেদে উল্লেখিত আমি / আমরা উদ্ধৃত সময় সীমা অর্থাৎ সরবরাহতব্য সেবা ..............................দিনের মধ্যে সরবরাহ করিতে বাধ্য থাকিব ।

আমার / আমাদের দরপত্র গৃহীত হইলে দরপত্র দলিলের (৭) অনুচ্ছেদে উল্লেখিত সময়ের জন্য উদ্বৃত দর বৈধ থাকিবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হইলে কার্যাদেশ অনুযায়ী কাজ সম্পাদন করিতে বাধ্য থাকিব ।

আপনার প্রদত্ত কার্যাদেশ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গন্য হইবে।

আমি / আমরা জ্ঞাত আছি যে, আপনি সর্বনিম্ন দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নহি ।

............................................
দরদাতার স্বাক্ষর ও সীল মোহর

নাম..........................................

পদবী.......................................

পূর্ণ ঠিকানা / ফোন নং

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও ।

পরিশিষ্ট-খ-১

## মালামাল/কাজের বিবরণ

| Sl No | Description of Service |
|---|---|
| 01 | Fire safety plan:<br>NOC documentation for Bangladesh fire service and Civil Defence (BFSCD) submission<br>a. Preparation of as-built drawing with necessary modification where necessary to meet the code and standards requirement<br>b. Preparation of fire safety plan<br>c. Preparation of fire safety report with required information of the project as per requirement of BFSCD.<br>1. Definition fire terminology<br>2. Fire safety plan objectives<br>3. Building information<br>4. Floor plans showing protection, detection, evaluation ect.<br>5. Human resources for the fire emergency<br>6. General responsibilities<br>7. Designated responsibilities<br>8. Instructions to occupants<br>9. Inspection, testing % maintenances<br>d. Preparation of checklist provided by the fire service and civil defence.<br>e. Supplementary checklist with recommandations |
| 02 | Concultency services:<br>1. Booklet,<br>2. Fire safety drawings,<br>3. Site inspection<br>4. To make necessery civil CAD drawing (Master plan & civil drawing) |

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও ।

পরিশিষ্ট-খ-২

## সেবা ও মূল্য তালিকা

| Sl No | Description of Works | Unit Price | Total Price |
|---|---|---|---|
| 01 | **FIRE SAFETY PLAN:**<br>Preparation of architectural drawings allied to fire safety plan. | | |
| 02 | Preparation and approval of fire safety plan (Manual/Booklet) | | |
| 03 | **Preparation and obtain NOC of fire safety layout drawings showing:**<br>Site master plan<br>Building information<br>Satellite views showing surrounding fire hazard elements<br>Fire protection components<br>Fire detection components<br>Fire alarm components<br>Fire suppression components<br>Structural inputs allied to fire safety<br>Lightning protection components<br>Electrical substation single line diagram<br>Evacuation route and means of egress<br>Exit signage, emergency light<br>Smoke management system | | |
| 04 | **Site Inspections:**<br>a. Information and data acquisition for fire safety plan<br>b. Fire risk assessment and recommendation | | |
| 05 | Approval of fire safety plan from BFSCD. | | |
| | **Total: Total amount Including AIT & Vat** | | |

In words: ......................................................................................................................................

All price will be including vat & other Texes (applicable)

দরদাতার স্বাক্ষর ও সীল মোহর

# দরপত্র দলিল

পরিশিষ্ট - গ

দরদাতা প্রতিষ্ঠানের নাম.........................................................................................................

সরবরাহ/কার্যসম্পাদন সময়সীমার তালিকা

| সেবা/কাজের বিবরণ | সরবরাহ সময়সীমা | উদ্বৃত সময়সীমা | যে স্থান হতে সরবরাহ করা হইবে | যে স্থানে সরবরাহ করা হইবে |
|---|---|---|---|---|
| Booklet | | | | ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও। |
| Fire safety drawings | | | | |
| Site inspection | | | | |
| To make necessery civil CAD drawing (master plan&civil drawing) | | | | |

নোট: কার্যাদেশ প্রদানের তারিখ কে সরবরাহ সময়সীমা শুরু হওয়ার তারিখ হিসাবে গণ্য করা হইবে।

দরদাতার স্বাক্ষর ও সীল মোহর

## -: সমাপ্ত :-